অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/13/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইকোলজির দিক দিয়ে অনন্য এবং ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ 14,600 একরের বেশি আডিরোন্ডাক বন, জলাভূমি, এবং জলাশয় স্থায়ীভাবে সংরক্ষণ করার ঘোষণা করলেন

নতুন সরকারি-বেসরকারি গবেষণা কনসোর্টিয়ামটি ফলেন্সবাই পন্ডে বৈশ্বিকভাবে বিরল ইকোসিস্টেমের বৈজ্ঞানিক গবেষণার ক্ষেত্রে দিকনির্দেশনা প্রদান করবে

নতুন কনজার্ভেশন ইজমেন্ট জনগণের জন্য র্যাকেট জলাশয় পর্যন্ত নতুন বিনোদনমূলক যাতায়াতের সুযোগ প্রদান করবে

মানচিত্র ও ছবি এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে দুইটি কনজার্ভেশন ইজমেন্ট এবং নিউ ইয়র্ক স্টেটের সাথে একটি গবেষণা কনসোর্টিয়াম উদ্যোগের মাধ্যমে আডিরোন্ডাকের 14,600 একরের বেশি ইকোলজির দিক দিয়ে বিরল এবং সাংস্কৃতিকভাবে গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সংস্থানকে স্থায়ীভাবে সুরক্ষা প্রদানের জন্য নেচার কনজার্ভেন্সির (Nature Conservancy) সাথে একটি ঐতিহাসিক চুক্তি সম্পন্ন হয়েছে। সহযোগিতাটি র্যাকেট রিভার করিডোরে নতুন জনগণের বিনোদনমূলক অ্যাক্সেস প্রদান করবে এবং মিঠাপানির ইকোসিস্টেম সম্পর্কে সাধারণ জ্ঞান বৃদ্ধি করার জন্য একটি মিঠাপানির গবেষণা প্রিজার্ভ স্থাপন করবে যা এ ধরনের প্রথম। চুক্তিটি স্থায়ীভাবে ফলেন্সবাই পন্ড জলাশয়কে এবং র্যালফ ওয়াল্ডো ইমার্সনের 'ফিলোসফার্স' ক্যাম্পের ঘাঁটি হিসেবে ব্যবহার করা হডেনোসনি এবং অ্যাবেনাকি হোমল্যান্ডে অবস্থিত বন্যপ্রাণীর আবাসস্থলকে সুরক্ষিত রাখবে।

"নিউ ইয়র্কবাসী এবং আডিরোন্ডাকের বিশেষ এই অঞ্চলে বেড়াতে আসা মানুষ বহুদিন পূর্বেই ফলেন্সবাই পন্ড এবং র্যাকেট রিভারের অনন্যসাধারণ সৌন্দর্য এবং গুরুত্ব অনুধাবন করতে পেরেছে," **গভর্নর হোকল বলেন।** "নেচার কনজার্ভেন্সি এবং বহু অংশীদারদের সাথে সহযোগিতায় আমরা একটি অনন্য প্রাকৃতিক সংস্থানের সংরক্ষণ করছি যাতে করে আগামী বহু প্রজন্ম ধরে সকল নিউ ইয়র্কবাসী এই মূল্যবান ও ঐতিহাসিক অঞ্চলটি উপভোগ করতে পারে।"

ইকোলজির দিক থেকে, ঐতিহাসিকভাবে, এবং সাংস্কৃতিকভাবে গুরুত্বপূর্ণ এই সম্পত্তিটি হ্যারিয়েটসটাউন টাউনে অবস্থিত, এবং এর একটি অংশ ফ্র্যাঙ্কলিন কাউন্টির টাপার লেক

টাউনে রয়েছে। 2008 সালে নেচার কনজার্ভেন্সি প্রথম 14,645 একরের পার্সেলটি ক্রয় করে এবং এতে র‍্যাকেট রিভারের সম্মুখভাগের 10 মাইল এবং 958 একরের ফলেন্সবাই পন্ড রয়েছে। পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এবং নেচার কনজার্ভেন্সি একটি চুক্তিতে প্রবেশ করেছে যেখানে স্টেট দুইটি ইজমেন্ট ক্রয় করে নিবে যার ফলে স্টেটের সংরক্ষিত বনভূমি (State Forest Preserve) সংলগ্ন একটি এলাকায় উন্নত বিনোদনমূলক সুযোগ প্রদান করা এবং বৈশ্বিকভাবে বিরল একটি ইকোসিস্টেমকে সুরক্ষিত রাখার মধ্যে একটি অতি গুরুত্বপূর্ণ ভারসাম্য অর্জন করা যাবে, এবং একই সাথে অঞ্চলের সাথে আদিবাসী মানুষের যেই দীর্ঘমেয়াদি সম্পর্ক রয়েছে তার স্বীকৃতি প্রদান করা হবে। ইজেমেন্টগুলি সম্প্রতি চুক্তির অধীনে গিয়েছে এবং 2024 এর শুরুর দিকে চূড়ান্ত করা হবে বলে আশা করা যাচ্ছে।

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "14,600 একরের বেশি অতি মাত্রায় গুরুত্বপূর্ণ ইকোসিস্টেম রক্ষা করা সংরক্ষণ এবং নিউ ইয়র্কবাসী উভয়ের জন্য একটি বিজয়। আদিবাসী মানুষের দীর্ঘদিনের সুরক্ষা এবং ইমার্সন এবং দুই শতাব্দী পূর্বের মহান চিন্তাবিদদের চেতনার স্বীকৃতিস্বরূপ, নিউ ইয়র্ক স্টেট এবং নেচার কনজার্ভেন্সি একত্রে শীর্ষ বৈজ্ঞানিক মেধাবীদের নিয়ে একটি কনসোর্টিয়াম তৈরি করছে যারা এক শতকের বেশি সময় ধরে মোটামুটি অপরিবর্তিত আছে এমন একটি জলাশয় নিয়ে অধ্যয়ন করবে। ফলেন্সবাই পন্ড এবং এর সংশ্লিষ্ট জলাশয় শীর্ষ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের জন্য বৈজ্ঞানিক অধ্যয়ন করার একটি জীবন্ত গবেষণাগার হিসেবে কাজ করবে। একত্রে, এই ইজমেন্টগুলি উন্নত বিনোদনমূলক এবং বৈশ্বিকভাবে গুরুত্বপূর্ণ গবেষণা সুযোগের একটি অনন্য সংমিশ্রণ প্রদান করে, এবং এর ফলে এটি সংরক্ষণ ও বিনোদনের মধ্যে একটি যুক্তিসঙ্গত ভারসাম্য প্রদান করে। ঐতিহাসিক এই পরিবেশগত, বৈজ্ঞানিক, সাংস্কৃতিক, এবং অর্থনৈতিক সুযোগে সহযোগিতামূলক কাজ অব্যাহত রাখার জন্য DEC আনন্দিত।"

নিউ ইয়র্ক নেচার কনজার্ভেন্সির নির্বাহী পরিচালক বিল উলফেল্ডার বলেন, "জলবায়ু পরিবর্তনের জন্য আরো বেশি উচ্চাকাঙ্ক্ষী পদক্ষেপ প্রয়োজন এবং ফলেন্সবাইতে এই নজির সৃষ্টিকারী মিঠাপানির গবেষণা প্রিজার্ভ এবং বৈজ্ঞানিক কনসোর্টিয়ামটি হলো জলবায়ু ও সংরক্ষণ উদ্যোগে নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বের আরেকটি উদাহরণ। নেচার কনজার্ভেন্সি 15 বছর ধরে ফলেন্সবাই পন্ডের দেখাশোনা করছে এবং গবেষণায় আমরা দেখেছি যে এর এমন অনন্য ইকোলজিক্যাল বৈশিষ্ট্য রয়েছে যা জলবায়ু পরিবর্তনের প্রতি স্থিতিস্থাপক। মিঠাপানির ইকোসিস্টেম হলো বিশ্বের সবথেকে বেশি ঝুঁকিপূর্ণ বস্তুর মধ্যে একটি, পর্যবেক্ষণের অধীনে থাকা মিঠাপানির প্রজাতির জনসংখ্যা 1970 সালের তুলনায় 83 শতাংশ হ্রাস পেয়েছে, তাই আমরা এখানে যা যা জানতে পারবো তার বৈশ্বিক তাৎপর্য থাকতে পারে।জলবায়ুতে তাদের নেতৃত্বের জন্য এবং এই দুর্দান্ত 14,600 একর ল্যান্ডস্কেপ সুরক্ষিত রাখার ব্যাপারে তাদের অংশীদারিত্বের জন্য আমরা গভর্নর হোকল এবং কমিশনের সেগোসকে ধন্যবাদ জানাতে চাই। র‍্যাকেট রিভার সংলগ্নে আরো বিনোদনমূলক সুযোগ প্রদান করার জন্য DEC এর সাথে, শিক্ষামূলক সুযোগ অনুসন্ধান করার জন্য নিকটস্থ ওয়াইল্ড সেন্টারের সাথে, এবং আদিবাসী অগ্রাধিকার, দৃষ্টিভঙ্গি, এবং ঐতিহ্যবাহী ইকোলজিক্যাল জ্ঞান সংযোজন করার সুযোগ তৈরি করার জন্য নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) এনভায়রনমেন্টাল সাইন্স অ্যান্ড ফরেস্ট্রি কলেজের (College of Environmental Science and Forestry, ESF) সেন্টার ফর

নেটিভ পিপলস অ্যান্ড দ্য এনভায়রনমেন্টের (Center for Native Peoples and the Environment) সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা আনন্দিত।"

র‍্যাকেট রিভার বিনোদনমূলক অ্যাক্সেস ইজমেন্ট
র‍্যাকেট রিভার কনজার্ভেশন ইজমেন্টে রয়েছে র‍্যাকেট রিভারের সংলগ্ন 5,985 একর, যার মধ্যে লোয়ার মুজ ক্রিক জলাশয় রয়েছে। ইজমেন্টটি নদীর 10 মাইলজুড়ে নতুন, অত্যন্ত আকাঙ্ক্ষিত জনগণের যাতায়াতের সুযোগ প্রদান করবে, যা আইকনিক নর্দার্ন ফরেস্ট ক্যানু ট্রেইলের অংশ এবং ওল্ড ফোর্জ এবং সারানাক লেকের মধ্যে 90 মাইল ধরে চলমান আডিরোন্ডাকের দীর্ঘতম ক্যানু রুটের একটি অংশ। নদীটি এছাড়াও একটি জনপ্রিয় মাছ ধরার গন্তব্য, যা বিভিন্ন ধরনের চাহিদাসম্পন্ন মাছ ধরার ক্রীড়াকে সমর্থন করে।

ইজমেন্টটি নতুন মোটরবিহীন জনগণের বিনোদনের কর্মকাণ্ডকে সমর্থন করবে যেমন ক্যাম্পিং, পিকনিক করা, হাইকিং, শিকার, মাছ ধরা, এবং অন্যান্য কর্মকাণ্ড যা বর্তমানে বিকাশমান অভ্যন্তরীণ বিনোদন পরিকল্পনায় উল্লিখিত থাকবে। বিশেষ করে, মুজ ক্রিক এবং বিভার ব্রুকে মাছ ধরা এবং প্যাডল করার সুযোগ উপলভ্য থাকে যে, যেখানে দুর্দান্ত সব ব্রুক ট্রাউট মাছ ধরার সুযোগ রয়েছে। শিকারিদের কাছে এখন নতুন দুর্গম এলাকায় যাওয়ার সুযোগ থাকবে। সম্পূর্ণ সম্পত্তিতে বিদ্যমান শিকারের লীজ অব্যাহত থাকবে। ইজমেন্টটি DEC এর 275,000 একরের হাই পিক ওয়াইল্ডারনেস কমপ্লেক্সের সংলগ্ন হবে।

ফলেন্সবাই পন্ড গবেষণা প্রিজার্ভ ইজমেন্ট এবং কনসোর্টিয়াম
ফলেন্সবাই পন্ড কনজার্ভেশন ইজমেন্টটি 8,660 একর নিয়ে গঠিত যার মধ্যে ফলেন্সবাই পন্ড এবং আশেপাশের জলাশয় রয়েছে। 1858 সালে ফলেন্সবাই ফিলোসফার্স ক্যাম্পের সাইট ছিলো, এটি র‍্যালফ ওয়াল্ডো ইমার্সন এবং অন্যান্য বুদ্ধিজীবী, শিল্পী, এবং বিজ্ঞানীকে আডিরোন্ডাকের সবথেকে বিখ্যাত ও প্রভাবশালী জমায়েতে একত্রিত করেছিলো। এছাড়াও এটিই সেই অবস্থান যেখানে DEC সফলভাবে 1983 সালে আডিরোন্ডাকে বল্ড ঈগলকে পুনরায় ফেরত নিয়ে আসে। এই মিঠাপানির গবেষণা প্রিজার্ভটি বৈজ্ঞানিক এবং শিক্ষামূলক উদ্দেশ্যে এবং অনুষ্ঠান, জমায়েত, এবং খাদ্য সন্ধানসহ আদিবাসী মানুষের সাংস্কৃতিক অনুশীলনের জন্য ব্যবস্থাপিত অ্যাক্সেস প্রদান করবে।

পন্ডের গভীরতা, আকার, উচ্চতা, এবং মাছ ধরার ইতিহাসের অনন্য সংমিশ্রণ একটি অত্যন্ত বিশেষ গবেষণার সুযোগ তৈরি করে যা ভবিষ্যতের জন্য নিউ ইয়র্ক ফিশারি বিজ্ঞানকে সমর্থন করবে। 1,545 ফুট উচ্চতা এবং 102 ফুট গভীর বাথটাব আকৃতি নিয়ে ফলেন্সবাই পন্ড জলবায়ু পরিবর্তনের সম্মুখীন হয়েও অপেক্ষাকৃত ঠাণ্ডা এবং স্থিতিস্থাপক থাকার অবস্থানে রয়েছে। এছাড়াও ফলেন্সবাই হলো লোয়ার 48 স্টেটে বহু বছর তুলনামূলকভাবে মাছ ধরা হয়নি বললেই চলে, এমন একটি বিরল, বহুদিনের পুরোনো বুনো লেক ট্রাউটের জনসংখ্যাকে এখনো সমর্থন করা মাত্র নয়টি অবশিষ্ট অক্ষত লেকের মধ্যে একটি। এইসব সামগ্রিক বৈশিষ্ট্য বিজ্ঞানীদেরকে একটি অব্যবহৃত জনসংখ্যা এবং জলবায়ু পরিবর্তন এবং অন্যান্য পরিবেশগত প্রভাব সময়ের সাথে এমন প্রজাতিকে কীভাবে প্রভাবিত করতে পারে তা অধ্যয়ন করার একটি বিরল সুযোগ প্রদান করে।

ইকোলজির দিক দিয়ে গুরুত্বপূর্ণ এলাকার স্থায়ী সুরক্ষার পাশাপাশি, নেচার কনজার্ভেন্সি এবং DEC একটি ফলেন্সবাই গবেষণা প্রিজার্ভ কনসোর্টিয়াম (Follensby Research Preserve consortium) তৈরি করবে যা একটি শিক্ষামূলক পরিবেশে বৈজ্ঞানিক গবেষণা এবং দীর্ঘমেয়াদি পর্যবেক্ষণকে সমর্থন করবে। এখন পর্যন্ত DEC, নেচার কনজার্ভেন্সি, কর্নেল ইউনিভার্সিটি (Cornell University), পল স্মিথস কলেজ (Paul Smith's College) আডিরোন্ডাক ওয়াটারশেড ইনস্টিটিউট (Adirondack Watershed Institute), নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির এনভায়রনমেন্টাল সাইন্স এবং ফরেস্ট্রি কলেজ (New York College of Environmental Science and Forestry, SUNY ESF), মার্কিন যুক্তরাষ্ট্রের মৎস্য ও বন্যপ্রাণী সেবা (U.S. Fish and Wildlife Service), এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ভৌগলিক জরিপ (U.S. Geological Survey, USGS) নিয়ে গঠিত কনসোর্টিয়ামটি ফলেন্সবাই পন্ড এবং পুরো বিশ্বের ফিশারি বিজ্ঞানকে অবগত রকার জন্য উষ্ণ হতে থাকা জলবায়ুর সম্মুখীন হয়ে পরিবেশগত পরিবর্তন পর্যবেক্ষণ করার জন্য একটি গবেষণা এজেন্ডা গঠন করবে। গবেষণাটি পুরো নিউ ইয়র্কে যেই দুর্দান্ত মাছ ধরা উপভোগ করা হয় তার ব্যবস্থাপনা ও উন্নতির জন্য শিক্ষা ও বিকাশ কৌশলের বিল্ডিং ব্লক প্রদান করবে এবং স্টেটের সীমানার বাইরেও মাছ ব্যবস্থাপনা ও সুরক্ষাকে অবগত করবে।

ঠাণ্ডা পানির ইকোসিস্টেমে জলবায়ু পরিবর্তনের ইকোলজিক্যাল প্রভাবকেন্দ্রিক গবেষণার পাশাপাশি, লেক ট্রাউট, সিসকো এবং ব্রুক ট্রাউট নিয়ে নিবিড়ভাবে গবেষণা করা হবে যাতে আগামী বহু প্রজন্মের মৎস্যশিকারিদের জন্য আজকে আডিরোন্ডাকে এইসব স্থানীয় ও আইকনিক মাছের প্রজাতি ভালোমতো টিকে থাকতে পারে তা নিশ্চিত করবে। গবেষণা প্রিজার্ভটি গবেষকদের জন্য একটি বৈশ্বিক গন্তব্য হিসেবে এবং মিঠাপানির সংরক্ষণের জন্য একটি নজির সৃষ্টিকারী আদর্শ হিসেবে কাজ করবে।

কনসোর্টিয়ামের সদস্য, স্থানীয় সম্প্রদায়ের সদস্য এবং কর্মকর্তা, এবং অন্যান্য অংশীদারদের সহযোগিতায় নেচার কনজার্ভেন্সি ফলেন্সবাই পন্ডের ব্যবস্থাপিত অ্যাক্সেসের জন্যে একটি পরিকল্পনা তৈরি করবে। শিক্ষামূলক, বৈজ্ঞানিক, এবং সাংস্কৃতিক উদ্দেশ্যে পথপ্রদর্শকসহ ভ্রমণের মতো কর্মকাণ্ডে অংশগ্রহণ করার জন্য জনগণের জন্য সুযোগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকবে। ইজমেন্টগুলি এই কারণে অনন্য যে এগুলি এছাড়াও আদিবাসী মানুষের পূর্বসূরিদের জমির অ্যাক্সেস ও রক্ষণাবেক্ষণ পুনঃস্থাপন করার জন্যও সুযোগ প্রদান করবে। SUNY ESF এর সেন্টার ফর নেটিভ পিপলস অ্যান্ড দ্য এনভায়রনমেন্টের সাথে নেচার কনজার্ভেন্সির অংশীদারিত্ব আদিবাসীদের অগ্রাধিকার, দৃষ্টিভঙ্গি, এবং ঐতিহ্যবাহী ইকোলজিক্যাল জ্ঞানকে সংযোজিত করার দিকনির্দেশনা প্রদানে সাহায্য করবে।

স্টেটের সিনেটর পিট হারখ্যাম বলেন, "আডিরোন্ডাকে প্রায় 15,000 একর সুরক্ষিত রাখার নতুন এই চুক্তিটি নিউ ইয়র্কে ভূমি সংরক্ষণ করার ক্ষেত্রে একটি বড় বিজয়। ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের আদিম বন এবং প্রাকৃতিক সংস্থান নিরাপদ রাখা আমাদের জন্য অপরিহার্য, এবং নেচার কনজার্ভেন্সি এবং স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের মধ্যকার এই অনন্য সরকারি বেসরকারি অংশীদারিত্ব সেই ব্যাপারে একটি আদর্শ অর্জন।"

অ্যাসেম্বলি সদস্য ম্যাথু সিম্পসন বলেন, "আডিরোন্ডাকের আদিম ল্যান্ডস্কেপকে সুরক্ষা প্রদানের ক্ষেত্রে সংরক্ষণ এবং জনগণের অ্যাক্সেসের মধ্যকার ভারসাম্য খুঁজে বের করা সকলের

জন্য একটি বিজয়। এই লক্ষ্য আরো অগ্রসর হওয়া এবং সেই সাথে আমাদের প্রাকৃতিক ইকোসিস্টেমের বৈজ্ঞানিক গবেষণাকেও অগ্রাধিকার প্রদান করা হলো আধুনিক সংরক্ষণ এবং ভূমি সংস্থান ব্যবস্থাপনার ক্ষেত্রে বৈশ্বিক নেতা হিসেবে মহান নিউ ইয়র্ক স্টেটের অবস্থানের একটি সত্যিকারের প্রমাণ। আমাদের পরিবেশ রক্ষার লক্ষ্যের কেন্দ্রবিন্দু হিসেবে আডিরোন্ডাককে অগ্রাধিকার প্রদান করতে তাদের চলমান প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর ক্যাথি হোকল, নেচার কনজার্ভেন্সি, এবং এতে জড়িত বহু স্টেকহোল্ডারের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ জে গ্লিক বলেন, "আডিরোন্ডাকের ফলেন্সবাই পন্ড এবং র্যাকেট রিভারে এবং এর আশেপাশের প্রায় 15,000 একরের স্থায়ী সুরক্ষা হলো সংরক্ষণবাদী, গবেষক, প্রকৃতিপ্রেমী এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি দারুণ সংবাদ। পন্ডের অনন্য বন্যপ্রাণীর আবাসস্থলের জন্য মিঠাপানির প্রিজার্ভটির সুরক্ষা একই সমান গুরুত্বপূর্ণ, যা আমাদেরকে মূল্যবান আউটডোর গবেষণার একটি গবেষণাগার প্রদান করবে। মহামারী বহু মানুষকে আমাদের জন্য উপলভ্য থাকা দারুণ আউটডোর সংস্থানের কথা মনে করিয়ে দিয়েছে, এবং এই কনজার্ভেশন ইজমেন্ট নৌকা চালানো থেকে শুরু করে হাইকিং পর্যন্ত বহু নতুন সতেজ বায়ুতে থাকার সুযোগ প্রদান করবে। এমন প্রকল্প আমাদেরকে মনে করিয়ে দেয় যে ইকোলজির দিক দিয়ে অনন্য এলাকার সুরক্ষা এবং উন্মুক্ত স্থানের সংরক্ষণ করার জন্য পরিবেশ সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund, EPF) বিনিয়োগ অব্যাহত রাখা কত বেশি গুরুত্বপূর্ণ।"

হ্যারিয়েটসটাউন টাউনের সুপারভাইজার জর্ডানা মালাক বলেন, "এই সাংস্কৃতিকভাবে এবং পরিবেশগতভাবে গুরুত্বপূর্ণ এলাকা সম্পর্কে নেচার কনজার্ভেন্সি এবং DEC যে একটি চুক্তিতে পৌঁছাতে পেরেছে তার জন্য আমি খুশি। র্যাকেট রিভারে প্যাডলার, শিকারি, এবং মৎস্যশিকারীদের জন্য আরো বেশি অ্যাক্সেসের মাধ্যমে এই সহযোগিতাকে ফলপ্রসূ হতে দেখার জন্য আমি উন্মুখ এবং গবেষণা কনসোর্টিয়ামটি যেই কাজ ও শিখার সুযোগ নিয়ে আসবে তার জন্য আমি উৎসুক।"

টাপার লেক টাউনের সুপারভাইজার রিক ড্যাটোলা বলেন, "ফলেন্সবাই পন্ড এবং ওয়াইল্ডারনেস ট্র্যাক্টের বিবর্তিত বিকাশের এই নতুন যুগের জন্য টাপার লেক টাউন উন্মুখ। ফলেন্সবাই পন্ড সম্পত্তির সমৃদ্ধ ইতিহাস টাপার লেক টাউনের সমৃদ্ধ ইতিহাসের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। এই সম্পর্কটি শিক্ষা, বিজ্ঞান, স্টেট, এবং স্থানীয় শাসন ইত্যাদির মধ্যকার পারস্পরিক সুবিধার দ্বারা পরিপক্ক হচ্ছে, তাই আমরা আশাবাদী যে উদীয়মান অর্থনৈতিক এবং বিনোদনমূলক সুযোগ টাপার লেক এবং নর্থ কান্ট্রির নাগরিকদের জন্য সর্বসম লাভ নিয়ে আসবে এবং পুরো স্টেট ও দেশের সকল স্থানের মানুষের জন্য অনন্য বিনোদন ও শিক্ষামূলক অভিজ্ঞতা প্রদান করবে। অব্যাহত সহযোগিতামূলক কাজের জন্য আমরা উন্মুখ এবং এই গুরুত্বপূর্ণ চুক্তির জন্য সকল পক্ষকে অভিনন্দন জানাচ্ছি।"

আডিরোন্ডাক পার্কের স্থানীয় সরকার পর্যালোচনা বোর্ডের (Adirondack Park Local Government Review Board) নির্বাহী পরিচালক জেরাল্ড ডেলানি সিনিয়র বলেন, "নেচার কনজার্ভেন্সির সাথে যত্নসহকারে তৈরি ইজমেন্টটি ফলেন্সবাই সম্পত্তিতে বিনোদনমূলক সুযোগ সুরক্ষিত রাখে ও বৃদ্ধি করে। এটি আডিরোন্ডাকের সংস্কৃতির বুননে নিহিত আডিরোন্ডাক

শিকার ক্লাবের এবং একই সাথে একাধিক অংশীদারের সাথে ফলেন্সবাই পন্ড এবং সংশ্লিষ্ট ইকোসিস্টেমকে নিয়ে একটি বৈজ্ঞানিক অধ্যয়ন এলাকা তৈরির গুরুত্ব উপলব্ধি করে। এতো সবকিছুর সাথে রয়েছে ফিলোসফার্স ক্যাম্প এবং পন্ড ভ্রমণের রত্নতুল্য সুযোগ। সেরা ইকোপর্যটন, এমন পর্যটকদের এবং বিজ্ঞানীদের আকৃষ্ট করা যারা হয়তো এই ইজমেন্টটি ছাড়া এই ভ্রমণ করতো না। চিন্তাশীল এই পরিকল্পনাটি তৈরি করার ক্ষেত্রে নেতৃত্বের জন্য গভর্নর হোকল, কমিশনের সেগোস, এবং নেচার কনজার্ভেন্সিকে ধন্যবাদ।"

লেখক এবং পরিবেশবাদী বিল ম্যাককিবেন বলেন, "2023 সালে এই গ্রহ কমপক্ষে 125,000 বছরের মধ্যে শীর্ষ তাপমাত্রা দেখেছে; এই প্রসঙ্গে এই গুরুত্বপূর্ণ ঘোষণা করা হচ্ছে যে জলবায়ু গবেষকরা অতীতের অতি গুরুত্বপূর্ণ রেকর্ড ব্যবহার করতে পারবে, ভবিষ্যতের জন্য যার বিশাল তাৎপর্য রয়েছে।"

ট্রাউট আনলিমিটেডের (Trout Unlimited) ইস্টার্ন কনজার্ভেশনের ভাইস প্রেসিডেন্ট কীথ কার্লি বলেন, "র্যাকেট রিভার ওয়াটারশেড এবং ফলেন্সবাই পন্ড গবেষণা কনসোর্টিয়ামের কনজার্ভেশন ইজমেন্টটি নিউ ইয়র্কের বুনো ট্রাউট সংরক্ষণের জন্য একটি আশীর্বাদ। র্যাকেট রিভারে প্রায় 10 মাইল জনগণের অ্যাক্সেস নিয়ে আসার জন্য এবং ফলেন্সবাই পন্ডে লেক ট্রাউটের জন্য অনন্য সুরক্ষা প্রদানের জন্য ট্রাউট আনলিমিটেড নিউ ইয়র্ক DEC এবং নেচার কনজার্ভেন্সিতে আমাদের বন্ধুদের ধন্যবাদ জানাতে ও তাদের প্রশংসা করতে চায়।"

উইসকনসিন-ম্যাডিসন ইউনিভার্সিটিতে (University of Wisconsin-Madison) সেন্টার ফর লিমনোলজির (Center for Limnology) পরিচালক জেক ভ্যান্ডার জ্যান্ডেন বলেন, "ফলেন্সবাই পন্ডে একটি মিঠাপানির গবেষণা প্রিজার্ভ ও বিজ্ঞান কনসোর্টিয়াম তৈরির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট এবং নেচার কনজার্ভেন্সি মিঠাপানির সুরক্ষা এবং মার্কিন যুক্তরাষ্ট্র ও তার বাইরের এই সম্পর্কিত অধ্যয়নের জন্য একটি গুরুত্বপূর্ণ নজির স্থির করে দিয়েছে। উদ্যোগটি মিঠাপানির সংরক্ষণ এবং গবেষণার জন্য বৈশ্বিকভাবে একটি আকর্ষণীয় বিকাশ এবং মিঠাপানির ইকোসিস্টেমের ক্রমবর্ধমান চাপ ও সমস্যার কারণে এটি বিশেষ করে গুরুত্বপূর্ণ।"

ওয়াইল্ডলাইফ কনজার্ভেশন সোসাইটির (Wildlife Conservation Society) পাবলিক অ্যাফেয়ার্সের নির্বাহী ভাইস প্রেসিডেন্ট জন্য ক্যালভেলি বলেন, "অক্ষত, জীববৈচিত্র্যসম্পন্ন, এবং জলবায়ু পরিবর্তনের প্রতি সর্বাধিক স্থিতিস্থাপক শেষ বুনো স্থানগুলিকে সুরক্ষিত রাখার জন্য ওয়াইল্ডলাইফ কনজার্ভেশন সোসাইটিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। 14,600 একর র্যাকেট রিভার এবং ফলেন্সবাই পন্ড ট্র্যাক্ট সংরক্ষণ করার জন্য এবং একটি যুগান্তকারী মিঠাপানির গবেষণা প্রিজার্ভ তৈরির জন্য নেচার কনজার্ভেন্সি এবং নিউ ইয়র্ক স্টেটের মধ্যকার উদ্ভাবনী এই চুক্তিটি হবে জলবায়ু পরিবর্তনের প্রভাব সমাধান করতে এবং বন্যপ্রাণীকে অভিযোজন করতে ও টিকে থাকতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় সংরক্ষণ উদ্যোগের একটি বৈশ্বিকভাবে গুরুত্বপূর্ণ উদাহরণ।"

নর্থইস্ট রিজিয়ন মার্কিন যুক্তরাষ্ট্রের মাছ ও বন্যপ্রাণী সেবার আঞ্চলিক পরিচালক ওয়েন্ডি ওয়েবার বলেন, "জলবায়ুর প্রভাব পর্যবেক্ষণ করার জন্য ফলেন্সবাই হলো

বিজ্ঞানীদের জন্য দুর্দান্ত একটি রেফারেন্স সাইট যা নর্দার্ন ফরেস্ট অঞ্চল এবং পুরো অ্যাপালচেইন উভয় স্থানের অন্যান্য লেক ও ফিশারির ব্যবস্থাপনাকে অবগত করতে পারবে। বিশ্বের সংরক্ষণ এলাকাসমূহের মধ্যে মিঠাপানির বন্যপ্রাণীর আবাসস্থলের প্রতিনিধিত্ব অত্যন্ত কম, এবং এই উদ্ভাবনী সহযোগিতামূলক কাজের অংশ হতে পেরে আমরা অতি আনন্দিত।"

মার্কিন যুক্তরাষ্ট্রের ভৌগলিক জরিপের নিউ ইয়র্ক পানি বিজ্ঞান কেন্দ্রের পরিচালক রবার্ট ব্রিয়ালট বলেন, "USGS এক শতকের বেশি সময় ধরে পুরো আডিরোন্ডাকে পরিবেশ সংক্রান্ত গবেষণা ও পর্যবেক্ষণ সম্পাদন করেছে এবং এমন একটি কনসোর্টিয়ামের সদস্য হতে পারার সুযোগকে মূল্য উপলব্ধি করে যা জলবায়ু গবেষণা এজেন্ডার দিকনির্দেশনা প্রদান করবে এবং নীতিনির্ধারক, সংস্থান ব্যবস্থাপক, এবং সিদ্ধান্ত গ্রহণকারী জনগণকে অবগত করতে সাহায্য করবে যা আরো টেকসই একটি ভবিষ্যৎ গঠনে সাহায্য করবে।"

SUNY এনভায়রনমেন্টাল সাইন্স ও ফরেস্ট্রি কলেজের প্রেসিডেন্ট জোয়ানি ম্যাহোনি বলেন, "শিক্ষার্থীদের বায়োল্লিটজ, ফিলোসফার্স ক্যাম্পের পরীক্ষা, এবং সেন্টার ফর নেটিভ পিপলস অ্যান্ড দ্য এনভায়রনমেন্টের সাথে আমাদের অংশীদারিত্ব, ফলেন্সবাই পন্ডের সাথে আদিবাসী মানুষের সম্পর্কের আরো সৎ একটি ধারাবিবরণী, এবং সেই সাথে আদিবাসী মানুষের পূর্বসূরিদের নিজস্ব ভূমির অ্যাক্সেস ও রক্ষণাবেক্ষণ পুনঃস্থাপন করার মাধ্যমে ফলেন্সবাইয়ের বৈজ্ঞানিক, ঐতিহাসিক, এবং সাংস্কৃতিক মূল্যবোধ নিয়ে কাজ করার জন্য SUNY এনভায়রনমেন্টাল সাইন্স ও ফরেস্ট্রি কলেজ বহুদিন ধরে নেচার কনজার্ভেন্সির সাথে অংশীদারিত্ব করছে। কনসোর্টিয়ামের সদস্য হিসেবে আমাদের ভূমিকা সম্প্রসারণ করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য দীর্ঘমেয়াদি স্বার্থের জন্য কাজ করবে এমন জলবায়ু গবেষণা সম্পাদন করার জন্য আমরা উন্মুখ।"

সেন্টার ফর নেটিভি পিপল অ্যান্ড দ্য এনভায়রনমেন্টের পরিচালক ডাঃ রবিন ওয়াল কিমার বলেন, "সারা বিশ্ব থেকে বার বার এই প্রমাণ পাওয়া যাচ্ছে যে জীববৈচিত্র্য আদিবাসী রক্ষণাবেক্ষণের অধীনেই সবথেকে ভালো অবস্থায় থাকে। পারস্পরিক সম্মান, আদানপ্রদান এবং সকলের অ্যাক্সেসের ভিত্তিতে ঐতিহ্যবাহী ইকোলজিক্যাল জ্ঞান এবং সংরক্ষণ বিজ্ঞানের মধ্যে একটি ফলপ্রসূ সহযোগিতার জন্য আমাদের অংশীদারদের সাথে মিলে সুযোগ তৈরি করতে আমরা উন্মুখ। আদিবাসী দৃষ্টিভঙ্গি ও অগ্রাধিকারের প্রতিফলন করে এমন ভূমির যত্ন গ্রহণ করা হলে ফলেন্সবাই পন্ডের অসাধারণ ল্যান্ডস্কেপে ভূমির সুস্থতা ও সংস্কৃতি উন্নত করা সম্ভব।"

কর্নেল ইউনিভার্সিটির প্রাকৃতিক সংস্থান ও পরিবেশ বিভাগের ডাঃ পিট ম্যাকইন্টাইর বলেন, "কর্নেলের আডিরোন্ডাক ফিশারি গবেষণা কর্মসূচির উদ্দেশ্য হলো ঠাণ্ডা পানির ফিশারি টিকিয়ে রাখা, এবং আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে অভিযোজিত ব্যবস্থাপনার দিকনির্দেশনা প্রদান রকার জন্য সরকারি-বেসরকারি অংশীদারিত্ব এবং দীর্ঘমেয়াদি গবেষণার একটি অত্যাবশ্যকীয় ভূমিকা রয়েছে। আমাদের জলবায়ু পরিবর্তন হওয়ার কারণে, আডিরোন্ডাকের লেকসমূহ নিচের ঠাণ্ডা পানির অক্সিজেন কমে যাওয়া ক্রমবর্ধমান ঝুঁকির মধ্যে রয়েছে, যার উপর লেকের ট্রাউট এবং অন্যান্য মৎস্য প্রজাতি নির্ভর করে। ফলেন্সবাই এর কনসোর্টিয়ামের সদস্য হতে পেরে আমরা আনন্দিত, এর গভীরতা এবং আকার এটিকে উচ্চ জলবায়ু স্থিতিস্থাপক এবং পুনঃস্থাপন কেন্দ্রিক গবেষণার জন্য দারুণ একটি প্রার্থী করেছে।"

পল স্মিথস কলেজের প্রেসিডেন্ট ড্যান কেলটিং বলেন, "ফলেন্সবাইয়ের গবেষণা এজেন্ডা ও ইকোলজিক্যাল ব্যবস্থাপনার দিকনির্দেশনা প্রদানে সাহায্য করার কনসোর্টিয়ামের সদস্য হিসেবে কাজ করতে আডিরোন্ডাক ওয়াটারশেড ইনস্টিটিউট গর্বিত। আডিরোন্ডাক মিঠাপানির ব্যবস্থায় জলবায়ু পরিবর্তনের প্রভাব আমরা নিজের চোখে দেখেছি, এবং বৈজ্ঞানিক জিজ্ঞাসা এবং সংরক্ষণের মাধ্যমে এইসব প্রভাব প্রশমন করা অব্যাহত রাখা আমাদের জন্য অপরিহার্য।"

ওয়াইল্ড সেন্টারের নির্বাহী পরিচালক স্টেফানি র‍্যাটক্লিফ বলেন, "ওয়াইল্ড সেন্টার নিকটবর্তী ফলেন্সবাই পন্ডের শিক্ষামূলক ও ব্যাখ্যামূলক সুযোগসমূহের ব্যাপক সম্ভাবনাসমূহ অনুসন্ধানে কাজ করছে। মানুষকে প্রকৃতির সাথে সংযুক্ত করে দেওয়াই আমাদের সেরা কাজ, এবং ফলেন্সবাই পন্ড এমন সমৃদ্ধ প্রাকৃতিক ইতিহাস, সংস্কৃতি, এবং বৈজ্ঞানিক শিক্ষার সুযোগ প্রদান করে যে এখানে সকলের জন্যই কিছু না কিছু রয়েছে।"

আডিরোন্ডাক কাউন্সিলের (Adirondack Council) নির্বাহী পরিচালক রাউল জে অ্যাগুইয়ার বলেন, "ফলেন্সবাই পন্ড হলো আডিরোন্ডাক পার্কের শীর্ষ রত্নগুলির একটি, এবং নতুন এই চুক্তির কারণে এটি তাই হয়ে থাকবে। জলবায়ু পরিবর্তন, বায়ু ও পানির মানের উপর প্রভাব, এবং আক্রমণাত্মক প্রজাতির কারণে স্থানীয় বন্যপ্রাণীর উপর বর্ধিত চাপ সৃষ্টি হচ্ছে, ফলে আডিরোন্ডাকের শেষ এডমিক লেকের ট্রাউট ফিশারিগুলির একটিকে সুরক্ষিত রাখলে তা বহু প্রজন্ম ধরে লভ্যাংশ প্রদান করে যাবে। ফলেন্সবাই পন্ডের দারুণ রক্ষক হওয়ার জন্য, এবং কঠিন একটি ব্যবস্থাপনা পরিস্থিতিতে বিনোদনমূলক অ্যাক্সেস, অতি গুরুত্বপূর্ণ শিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণার সুযোগ, এবং গুরুত্বপূর্ণ আদিবাসী সাংস্কৃতিক মূল্যবোধকে স্বীকৃতি প্রদান করবে এমন সমাধান খুঁজে বের করার জন্য নেচার কনজার্ভেন্সিকে অভিনন্দন। ফলেন্সবাই, নিউ ইয়র্ক স্টেটের মানুষ, এবং বহু বছর ধরে এই আইকনিক ল্যান্ডস্কেপের সংরক্ষণ দাবি করা সকলের জন্য এটি একটি বিজয়।"

র‍্যাকেট রিভার এবং ফলেন্সবাই পন্ড পার্সেল উভয়ই স্টেটের উন্মুক্ত স্থান সংরক্ষণ পরিকল্পনার অগ্রাধিকার প্রকল্প এবং একত্রে এরা 2012 সালে ঐতিহাসিক ফিঞ্চ প্রুইন অধিগ্রহণের পর থেকে সর্ববৃহৎ উন্মুক্ত স্থানের সুরক্ষা গঠন করে। স্টেটের পরিবেশন সংরক্ষণ তহবিল ব্যবহার করে কনজার্ভেশন ইজমেন্টের জন্য অন্যান্য ব্যয়পূরণযোগ্য লেনদেনের ব্যয়ের পাশাপাশি DEC, নেচার কনজার্ভেন্সিকে আনুমানিক 9.3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। EPF জলবায়ু পরিবর্তন প্রশমন এবং অভিযোজন প্রয়াসকে সমর্থন করে, টেকসই কৃষির প্রচারে কৃষি সংক্রান্ত সংস্থানকে উন্নত করে, পানির উৎস সুরক্ষিত রাখে, সংরক্ষণ প্রয়াস অগ্রসর করে, এবং নিউ ইয়র্কবাসীর জন্য বিনোদনমূলক সুযোগ প্রদান করে। 2023-24 স্টেট বাজেটে বহু পরিবেশ সংক্রান্ত বিজয়ের পাশাপাশি, গভর্নর হোকল EPF এর 400 মিলিয়ন মার্কিন ডলার তহবিল বজায় রাখতে সক্ষম হয়েছেন, এটি কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ মাত্রার তহবিল।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন